

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) জন্য ২০২২-২৩ অর্থবছরে ১৫৯ কোটি ৬৯ লাখ টাকা বরাদ্দ দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি), যা ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় এক কোটি ৪৪ লাখ টাকা বেশি। গত মঙ্গলবার কোষাধ্যক্ষ আলমগীর হোসেন ভূঁইয়া উপাচার্য শেখ আবদুস সালামের কাছে বাজেট হস্তান্তর করেন।

বাজেট বিশ্লেষণে দেখা যায়, সবচেয়ে বেশি বরাদ্দ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতায়। এ খাতের মোট বরাদ্দ ১০৯ কোটি ৭২ লাখ টাকা, যা মোট বাজেটের ৬৯ শতাংশ।